JUSTICE AGENDA
NO TIME TO WAIT

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/13/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুউমো উদ্বোধনী গ্রো-নিউ ইয়র্ক (GROW-NY) ব্যবসা প্রতিযোগিতার বিজয়ীদের নাম ঘোষণা করলেন

আপস্টেট নিউ ইয়র্কের খাদ্য ও কৃষি শিল্পের রূপান্তর ঘটানো এই প্রতিযোগিতার লক্ষ্য

প্রতিযোগিতার তহবিল আপস্টেট পুনরুজ্জীবিতিকরণ উদ্যোগ: CNY রাইজিং (CNY Rising), ফিঙ্গার লেক ফরোয়ার্ড (Finger Lakes Forward) এবং সাউদার্ন টায়ার আপ (Southern Tier Soaring) - আঞ্চলিক সমন্বিত কৌশল

গভর্নর অ্যান্ড্রু এম. কুউমো আজ ঘোষণা দিয়েছেন যে গ্রো-নিউ ইয়র্ক নামে পরিচিত নিউ ইয়র্কের যুগান্তকারী খাদ্য এবং কৃষি চ্যালেঞ্জের প্রথম বছরের 1 মিলিয়ন মার্কিন ডলারের বিজয়ী হচ্ছে রিয়েলইটস আমেরিকা (RealEats America)। জেনিভা, নিউ ইয়র্ক ভিত্তিক রিয়েলইটস, রচেষ্টারে অনুষ্ঠিত দুই দিনের শীর্ষ সম্মেলনে নির্বাচিত হয়েছিল, যে সময়কালে নির্বাচিত 17টি চূড়ান্ত প্রতিযোগী পুরষ্কারের জন্য তাদের ব্যবসাকে লাইভ দর্শক এবং অভিজ্ঞ বিচারকদের সামনে উপস্থাপন করেছিল। গ্রো-নিউ ইয়র্ক প্রতিযোগিতাটি সেন্ট্রাল নিউইয়র্ক, ফিঙ্গার লেক, এবং নিউ ইয়র্ক স্টেটের দক্ষিণ দিকের অঞ্চলে, একটি টেকসই খাদ্য ও কৃষি উদ্ভাবনী ক্লাস্টারের বিকাশে মনোনিবেশ করেছে। বিশ্ব জুড়ে খাদ্য এবং কৃষি শিল্প নির্ভর উদ্ভাবনী, উচ্চ-প্রবৃদ্ধির স্টার্টআপগুলোকে তিন রাউন্ডের এই প্রতিযোগিতা, 3 মিলিয়ন মার্কিন ডলারের তহবিল অফার করে। CNY রাইজিং (CNY Rising), ফিঙ্গার লেকস ফরওয়ার্ড (Finger Lakes Forward), এবং সাউদার্ন টিয়ার সোরিং (Southern Tier Soaring), এই তিনটি অঞ্চলের সাথে সংযুক্ত আপস্টেট পুনরুজ্জীবিতিকরণ উদ্যোগের (Upstate Revitalization Initiatives) মাধ্যমে গ্রো-নিউইয়র্ক প্রতিযোগিতার অর্থায়ন করা হবে। কর্নেল বিশ্ববিদ্যালয় (Cornell University) আঞ্চলিক অর্থনৈতিক অগ্রগতির কেন্দ্রের (Center for Regional Economic Advancement) মাধ্যমে এই প্রতিযোগিতার তদারকি করছে। গ্রো-নিউ ইয়র্ক বিজয়ীদের কমপক্ষে এক বছরের জন্য সেন্ট্রাল নিউ ইয়র্ক, ফিঙ্গার লেক বা সাউদার্ন টিয়ার অঞ্চলে কর্মকান্ড পরিচালনা করতে হবে।

"আমি রিয়েলইটসকে প্রতিযোগিতার প্রথম প্রাপক হিসেবে অভিনন্দন জানাতে চাই," **গভর্নর কুওমো বলেন**। "এই লক্ষ্যস্থিত বিনিয়োগ শুধুমাত্র এই গতিশীল কোম্পানীগুলোকে নিউ ইয়র্ক স্টেটে নিজেদের প্রতিষ্ঠা করতেই সাহায্য করে না, বরঞ্চ নিউ ইয়র্কের আঞ্চলিক কৃষি অর্থনীতিকেও সহায়তা করে। রিয়েইটস এমন উদ্যোগের প্রতিনিধিত্ব করে যেটি নিউ ইয়র্কের কৃষিবাণিজ্যের উপর একটি দীর্ঘস্থায়ী অর্থনৈতিক প্রভাব সৃষ্টি করবে।"

"নিউ ইয়র্কের কৃষি অর্থনীতি আমাদের খামার ও স্থানীয় পণ্যে বর্ধিত বিনিয়োগ নিয়ে বেড়ে চলেছে," **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "গ্রো-নিউ ইয়র্ক প্রতিযোগিতার প্রথম রাউন্ড সফল হয়েছে, এবং এই শিল্পকে আরো শক্তিশালী করতে এই উদ্যোক্তাদের যে সম্ভাবনা রয়েছে সেটি নিতে আমরা উদ্দীপ্ত। এই সংস্থাগুলো টেকসইতাকে রূপান্তর এবং নিউ ইয়র্কবাসীর স্বাস্থ্য ও সুস্থতার উন্নতি ঘটানোর মাধ্যমে এই শিল্পের বৈপ্লবিক পরিবর্তন ঘটানোর ধারণা এবং পরিকল্পনা তৈরি করছে। প্রতিযোগিতার চূড়ান্ত প্রতিযোগী ও বিজয়ী সবাইকে আমি অভিনন্দন জানাই এবং নিউ ইয়র্কে এই উদ্ভাবনী কোম্পানিগুলোর বৃদ্ধি ও সাফল্যলাভ করতে সহায়তা প্রদানের প্রতীক্ষায় থাকলাম।"

সারা বিশ্ব থেকে প্রায় 200টি খাদ্য ও কৃষি বিষয়ক স্টার্টআপ এই বসন্তে প্রতিযোগিতার জন্য আবেদন করেছিল এবং শীর্ষ 17টি চূড়ান্ত প্রতিযোগিতায় এগিয়ে গেছে। ওই 17টি স্টার্টআপকে ওয়ান-টু-ওয়ান হিসেবে এই অঞ্চলের একজন অভিজ্ঞ উদ্যোক্তার সাথে মিলিয়ে দেয়া হয় যিনি একজন মেন্টর হিসেবে কাজ করেন এবং প্রতিটি কোম্পানিকে এই তিন অঞ্চলে একাধিক দিনের ব্যবসায়িক উন্নয়ন ভ্রমণের পরিকল্পনা করতে সাহায্য করেন। এই ভ্রমণের সময়, স্টার্টআপগুলো সম্ভাব্য অংশীদার, গ্রাহক, উৎপাদক এবং তৈরিকারকদের সাথে মিলিত হয় এবং এই অঞ্চলে একটি উল্লেখযোগ্য অর্থনৈতিক প্রভাব তৈরি করার জন্য তাদের পরিকল্পনা ঝালাই করে নেয়।

প্রায় 900টি স্টার্টআপ, কোম্পানি, বিনিয়োগকারী, রিসোর্স প্রোভাইডার, গবেষক, উদ্যোক্তা, কৃষক, এবং শিক্ষার্থীরা দু'দিনব্যাপী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, যেখানে পিচ প্রতিযোগিতা ছাড়াও নিউ ইয়র্ক স্টেটের 70টি খাদ্য ও কৃষি প্রদর্শক সহ একটি প্রদর্শনী হল এবং একটি বিচারক শ্রেণি যারা আজকের দিনে খাদ্য ও কৃষি শিল্পের অন্যতম বৃহৎ সম্ভাবনা এবং চ্যালেঞ্জ মোকাবেলা করেছেন এমন একটি সিম্পোজিয়াম অন্তর্ভুক্ত ছিল।

আজকের অনুষ্ঠানে 1 মিলিয়ন মার্কিন ডলারের শীর্ষ পুরষ্কার ছাড়াও, 500,000 মিলিয়ন মার্কিন ডলারের দুটি এবং 250,000 মিলিয়ন মার্কিন ডলারের চারটি পুরষ্কারও প্রদান করা হয়। অন্যান্য পুরস্কৃত দলগুলোর মধ্যে রয়েছে:

500,000 মার্কিন ডলার বিজয়ী ড্রপকপ্টার (Dropcopter)
সিরাকিউজ, নিউ ইয়র্ক

500,000 মার্কিন ডলার বিজয়ী টিলিটার (Tiliter)
মিউনিখ, জার্মানি

250,000 মার্কিন ডলার বিজয়ী ক্যাপরো-এক্স (Capro-X)
ইথাকা, নিউ ইয়র্ক

250,000 মার্কিন ডলার বিজয়ী কম্বপ্লেক্স (Combplex)

ইথাকা, নিউ ইয়র্ক

250,000 মার্কিন ডলার বিজয়ী দ্য পারফেক্ট গ্রানোলা (The Perfect Granola)
ভিক্টর, নিউইয়র্ক

250,000 মার্কিন ডলার বিজয়ী সম্পূর্ণ স্বাস্থ্যকর খাবার (Whole Healthy Food)
ইথাকা, নিউ ইয়র্ক

রিয়েলইটস-এর প্রতিষ্ঠাতা এবং প্রধান নির্বাহী কর্মকর্তা ড্যান ওয়াইজ বলেন, "এই পুরস্কারের অর্থ জিতে আমরা অত্যন্ত রোমাঞ্চিত এবং এই সুযোগের জন্য নিউ ইয়র্ক স্টেটের কাছে কৃতজ্ঞ। আমাদের স্টার্টআপকে পরবর্তী পর্যায়ে নিয়ে যাওয়ার লক্ষ্যে এই পুরস্কারের মাধ্যমে আমরা এই অঞ্চলের বিস্ময়কর সংস্থানগুলোকে কাজে লাগাতে সক্ষম হব।"

নিম্নোক্ত পাঁচটি মানদন্ডের ভিত্তিতে আজকের পিচ ইভেন্টের পরে বিজয়ীদের বাছাই করা হয়;

- **বাণিজ্যিকীকরণ ও ব্যবসায়িক মডেলের বাস্তবোপযোগিতা:** মুনাফা অর্জন এবং দক্ষ ও টেকসই ব্যবসার সুযোগ করে দেয়, প্রযুক্তিগত উপযোগিতা প্রদর্শন করে অথবা প্রস্তাবিত ভ্যালু পূরণের উদ্দেশ্যে উদ্ভাবনী পন্থা অবলম্বন করে এমন কস্ট স্ট্রাকচার বজায় রাখায় প্রতিযোগীর সক্ষমতা;

- **কাস্টোমার ভ্যালু:** প্রতিযোগী কী পরিমাণে এমন কিছু প্রদান করছেন যার জন্য গ্রাহক অর্থ পরিশোধ করতে ইচ্ছুক এবং বাস্তব বাজার অবস্থা মোকাবেলা করছেন;

- **খাদ্য ও কৃষি বিষয়ক উদ্ভাবন:** খাদ্য ও কৃষি শিল্পে সর্বাধুনিক বিবেচ্য বিষয়ের ক্ষেত্রে প্রতিযোগী কতটা উদ্ভাবনী ক্ষমতার পরিচয় দিতে পারেন এবং এই বাজারগুলোতে এক বৈশ্বিক নেতৃত্ব হিসেবে আপস্টেট নিউ ইয়র্কের অবস্থান বজায় রাখায় অবদান রাখবে;

- **আঞ্চলিক কর্মসংস্থান সৃষ্টি:** গ্রো-নিউ ইয়র্ক-এর আওতায় উচ্চ-মানের কর্মসংস্থান সৃষ্টির সম্ভাবনা; এবং

- **দল:** দলের মান ও সম্পূর্ণতা এবং ফলাফল প্রদানে তৎপরতা।

পুরস্কারের অর্থ ছাড়াও প্রতিযোগিতা থেকে বিপণন, ইভেন্ট ও মেন্টরিং প্রোগ্রাম যা ফাইনালিস্টদের তিনটি অঞ্চলে নিয়ে যাবে তা সহ সকল কার্যক্রম, প্রচার ও বাস্তবায়ন ব্যয় বহন করা হবে, তাদের ডেভেলপমেন্ট কাজে সহায়তা করা হবে এবং কৃষি ও খাদ্য ইনোভেশন কমিউনিটির সাথে তাদের সম্পর্ক বজায় রাখায় সহায়তা করা হবে।

গ্রো-নিউ ইয়র্ক বিজয়ীরা তাৎক্ষণিকভাবে তিনটি অঞ্চলে তাদের ব্যবসায়ের পরিকল্পনা বাস্তবায়নে কাজ করবে, তাদের ব্যবসায়ের উন্নয়ন ভ্রমণের সময় তারা যে সংযোগ করেছে সেগুলো এবং তাদের পরামর্শদাতাদের দেওয়া সহায়তা কাজে লাগাবে। 1 এপ্রিল 2020 প্রতিযোগিতার পরবর্তী পর্বের জন্য আবেদন উন্মুক্ত হবে, এবং নিউ ইয়র্কের সিরাকিউজ, নিউ ইয়র্কে আগামী 17-18 নভেম্বর 2020 তারিখে গ্রো-নিউ ইয়র্ক শীর্ষ সম্মেলন অনুষ্ঠিত হবে।

কর্নেলের আঞ্চলিক অর্থনৈতিক অগ্রগতির কেন্দ্রের নির্বাহী পরিচালক টম শ্রাইভার বলেন, "গ্রো-নিউ ইয়র্ক প্রতিযোগিতাটি এই উদ্বোধনী বছরের জন্য আমাদের ধার্য করা প্রতিটি সূচককে ছাড়িয়ে গিয়েছে এবং শীর্ষ সম্মেলনটি আপস্টেট নিউ ইয়র্কে বৃদ্ধি পেতে থাকা খাদ্য এবং কৃষি উদ্ভাবন ক্লাস্টারের একটি অভূতপূর্ব উদযাপন। স্টার্টআপ প্রতিযোগীদের মান সত্যিই অবিশ্বাস্য ছিল এবং এতে সন্দেহ নেই যে এই প্রথম বছরটি বিশ্বকে দেখিয়ে দিয়েছে যে সেন্ট্রাল নিউ ইয়র্ক, ফিঙ্গার লেকস এবং সাউদার্ন টিয়ার অঞ্চলগুলো খাদ্য এবং কৃষি উদ্ভাবনের সাফল্যের জন্য এক অসামান্য জায়গা"।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development) ভারপ্রাপ্ত কমিশনার, প্রেসিডেন্ট ও মনোনীত প্রধান নির্বাহী কর্মকর্তা এরিক গার্টলার বলেন, "আজকের সকল বিজয়ী এবং যারা গ্রো-নিউ ইয়র্ক প্রতিযোগিতার প্রাথমিক পর্বে অংশ নিয়েছিলেন তাদের সবাইকে অভিনন্দন। এই সর্বশেষ ব্যবসায়িক প্রতিযোগিতাটি উদ্যোক্তা সংশ্লিষ্ট বাস্তুসংস্থান গঠনে নিউ ইয়র্ক স্টেটের সমর্থনকে প্রতিফলিত করে যা এখন ফিঙ্গার লেক, সেন্ট্রাল ও সাউদার্ন টিয়ার অঞ্চলগুলির সমৃদ্ধ কৃষিকাজ এবং কৃষিক্ষেত্রগুলোতে উদ্ভাবনী অর্থনৈতিক প্রবৃদ্ধিকে বাড়িয়ে তুলবে।"

স্টেটের কৃষি কমিশনার রিচার্ড এ. বল বলেন, "উদ্ভাবনকে উৎসাহিত করা এবং আমাদের কৃষি শিল্পের অংশীদারদের সমর্থন করা এই অনুষ্ঠানের জন্য আমরা গভর্নর কুউমোকে ধন্যবাদ জানাই। নিউ ইয়র্ক স্টেটের অর্থনৈতিক উন্নয়ন এবং কৃষিবাণিজ্যকে তরান্বিত করতে সাহায্য করে এমন নতুন আইডিয়া এবং পণ্য বিকাশের উদ্দেশ্যে যারা প্রথম আয়োজিত এই ধরনের প্রতিযোগিতায় অংশ নিয়েছিলেন সেই সকল বিজয়ী এবং উদ্যোক্তাদের সবাইকে অভিনন্দন।"

ফিঙ্গার লেকস রিজিওনাল ইকোনমিক ডেভেলপমেন্ট (Finger Lakes Regional Economic Development) এর সহ-সভাপতি মনরো কমিউনিটি কলেজের (Monroe Community College) প্রেসিডেন্ট, ড. অ্যান ক্রিস এবং গ্রেটার রচেস্টার চেম্বার অব কমার্সের (Greater Rochester Chamber of Commerce) প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা বলেন, "যারা এই উদ্ভাবনী প্রতিযোগিতায় অংশ নিয়েছিলেন তাদের সবার জন্য আমরা অত্যন্ত গর্বিত। আঞ্চলিক পরিষদ স্টেটের কৃষি ও খাদ্য শিল্পের প্রবৃদ্ধি বিষয়ে গুরুত্ব দিচ্ছে। গভর্নর কুওমোর গ্রো-নিউ ইয়র্ক প্রতিযোগিতায় রিজিওনাল ইকোনমিক ডেভেলপমেন্ট কাউন্সিল এর বিনিয়োগ স্থানীয় শিল্প অংশীদারদের এই উদ্যোক্তাদের সর্বাধুনিক আইডিয়ার সাথে সংযুক্ত করতে কাজ করছে এবং সমৃদ্ধ আঞ্চলিক অর্থনীতি গড়ে তুলতে কাজ করা ফিঙ্গার লেকস আপস্টেট রিভাইটালাইজেশন ইনিশিয়েটিভে গৃহীত বহুমুখী প্রচেষ্টায় অধিকতর সহায়তা প্রদান করে।"

সেন্ট্রাল নিউইয়র্ক আঞ্চলিক অর্থনৈতিক পরিষদের সভাপতি এবং সেন্ট্রাল নিউইয়র্ক উৎপাদনকারী সমিতির (Manufacturers Association of Central New York) সভাপতি ও প্রধান নির্বাহী কর্মকর্তা র‍্যান্ডি ওকেন ও অসওয়েগোর স্টেট ইউনিভার্সিটি অব নিউইয়র্ক (State University of New York) এর সভাপতি ডেবোরাহ স্ট্যানলি বলেন, "আজকের সকল বিজয়ী এবং গ্রো-নিউ ইয়র্ক প্রতিযোগিতার প্রথম রাউন্ডে অংশগ্রহণ করা সকলকে অনেক অনেক অভিনন্দন জানাতে পেরে আমরা আনন্দিত। নিউ ইয়র্ক স্টেটের কৃষি ও খাদ্য শিল্পে অভূতপূর্ব সমৃদ্ধি অব্যাহত রয়েছে। গভর্নরের গ্রো-নিউ ইয়র্ক প্রতিযোগিতা আমাদের কমিউনিটিতে আরেকটি রোমাঞ্চকর বিনিয়োগ যা আঞ্চলিক কর্ম সংস্থান বৃদ্ধিকে অধিকতর প্রয়োজনীয় সমর্থন প্রদান করবে এবং অঞ্চলটি যেন সমৃদ্ধ হতে থাকে তা নিশ্চিত করার স্বার্থে সেন্ট্রাল নিউ ইয়র্কজুড়ে আমাদের কৃষি ভিত্তিকে সহায়তা করবে।"

সাউদার্ন টায়ার রিজিওনাল ইকোনমিক ডেভেলপমেন্ট কাউন্সিলের (Southern Tier Regional Economic Development Council) সহ-সভাপতি হার্ভে স্টেঙ্গার, বিংহ্যামটন বিশ্ববিদ্যালয়ের (Binghamton University) প্রেসিডেন্ট এবং জুডি ম্যাককনি চেরি, শাউলার কাউন্টি পার্টনারশিপ ফর ইকোনমিক ডেভেলপমেন্ট (Schuyler County Partnership for Economic Development) এর নির্বাহী পরিচালক বলেন, "বিজয়ী দলগুলো এবং গ্রো-নিউ ইয়র্ক-এর প্রথম রাউন্ডের সকল প্রতিযোগীদের সবাইকে অভিনন্দন। নিউ ইয়র্কের কৃষি শিল্প দেশের অন্যতম মর্যাদাপূর্ণ শিল্পের মধ্যে অন্যতম এবং এই উদ্যোগ নিঃসন্দেহে আমাদের অঞ্চলের অব্যাহত অর্থনৈতিক সাফল্যে গতি বৃদ্ধি করবে। গ্রো-নিউ ইয়র্ক প্রতিযোগিতা উদ্ভাবনী ও প্রতিযোগিতামূলক ব্যবসার সক্ষমতা দেয় এবং সাউদার্ন টায়ারকে শীর্ষে নিয়ে যেতে সাহায্য করার মাধ্যমে আঞ্চলিক অর্থনীতির উন্নতি সাধনের প্রচেষ্টায় অধিকতর প্রয়োজনীয় সহায়তা প্রদান করবে।"

গ্রো-নিউ ইয়র্ক সম্পর্কে আরও তথ্যের জন্য এখানে ক্লিক করুন।

ফিঙ্গার লেকস ফরোয়ার্ডকে ত্বরান্বিত করা

আজকের ঘোষণা "ফিঙ্গার লেকস এর অগ্রগতি ত্বরান্বিতকরণ" এর সম্পূরক, যা শক্তিশালী অর্থনৈতিক প্রবৃদ্ধি ও কমিউনিটি বিকাশের জন্য এই অঞ্চলের সমন্বিত রূপরেখা। স্টেট এ অঞ্চলে 2012 সাল থেকে এই পরিকল্পনার জন্য বুনিয়াদী কাজের পিছনে ইতোমধ্যেই 6.1 বিলিয়নের বেশি মার্কিন ডলার বিনিয়োগ করেছে - ফটোনিক্স, কৃষি ও খাদ্য উৎপাদন এবং আধুনিক নির্মাণ কার্যের মতো মূল শিল্প এই বিনিয়োগে অন্তর্ভুক্ত। বর্তমানে, মহামন্দার (Great Recession) পর থেকে বেকারত্ব কমে সবচেয়ে নিম্ন পর্যায়ে রয়েছে; ব্যক্তিগত ও কর্পোরেট আয়কর কমেছে এবং ব্যবসা প্রতিষ্ঠানগুলি বিকাশ ও বিনিয়োগের জন্য রোচেস্টার, বাটাভিয়া এবং কানানডাইগুয়ার মতো জায়গা বেছে নিচ্ছে।

বর্তমানে, উত্তরাঞ্চলের পুনরুজ্জীবিতিকরণ উদ্যোগের মাধ্যমে অঞ্চলটি 500 মিলিয়ন মার্কিন ডলারের অঙ্গরাজ্যের বিনিয়োগসহ ফিঙ্গার লেকস এর অগ্রগতি ত্বরান্বিত করছে যা গভর্নর কুওমো ডিসেম্বর 2015-এ ঘোষণা করেন। অঙ্গরাজ্যের এই 500 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগ বেসরকারি খাতের ব্যবসায়ীদের 2.5 বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি বিনিয়োগ করার জন্য উদ্দীপনা দেবে - এবং অঞ্চলের দাখিলকৃত পরিকল্পনা অনুযায়ী আশা করা হচ্ছে যে 8,200 এর বেশি নতুন কর্মসংস্থান সৃষ্টি হবে। আরও তথ্য পাওয়া যাবে এখানে।

সেন্ট্রাল নিউইয়র্কের অগ্রগতি ত্বরান্বিতকরণ

আজকের ঘোষণা "সেন্ট্রাল নিউইয়র্কের অগ্রগতি" এর সম্পূরক, যা শক্তিশালী অর্থনৈতিক প্রবৃদ্ধি ও কমিউনিটি বিকাশের জন্য এই অঞ্চলের সমন্বিত রূপরেখা। 2012 সাল থেকে এই অঙ্গরাজ্য ইতোমধ্যেই 5.6 বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি বিনিয়োগ করেছে যা বিশ্ব বাজারের সুযোগ কাজে লাগিয়ে উদ্যোক্তাদের শক্তিশালী করে এবং অন্তর্ভুক্তিমূলক অর্থনীতি তৈরি করে এই পরিকল্পনার মূল ভিত্তি স্থাপন করেছে। বর্তমানে বেকারত্ব কমে মহামন্দার সময় থেকে সর্বনিম্ন পর্যায়ে নেমে এসেছে; ব্যক্তিগত এবং কর্পোরেট আয়কর নিম্ন পর্যায়ে রয়েছে এবং ব্যবসা প্রতিষ্ঠানগুলো বিকাশ এবং বিনিয়োগের জন্য গন্তব্য হিসেবে সিরাকিউজ, ওসঅয়েগো এবং অবার্নের মতো জায়গা নির্বাচন করছে।
বর্তমানে, এ অঞ্চল 2015 সালের ডিসেম্বরে গভর্নর কুওমো ঘোষিত উত্তরাঞ্চলের পুনরুজ্জীবিতিকরণ উদ্যোগের মাধ্যমে 500 মিলিয়ন মার্কিন ডলারের অঙ্গরাজ্যের বিনিয়োগ সহযোগিতায় সেন্ট্রাল নিউইয়র্কের অগ্রগতি ত্বরান্বিত করছে। অঙ্গরাজ্যের এই 500 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগ বেসরকারি খাতের ব্যবসায়ীদের 2.5 বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি বিনিয়োগ করার জন্য উদ্দীপনা দেবে - এবং অঞ্চলের দাখিলকৃত পরিকল্পনা অনুযায়ী আশা করা হচ্ছে যে 5,900 এর বেশি নতুন কর্মসংস্থান সৃষ্টি হবে। আরও তথ্য পাওয়া যাবে এখানে।

সাউদার্ন টিয়ার সোরিংকে দ্রুতগতি করা

আজকের ঘোষণা সাউদার্ন টিয়ার সোরিং-এর সম্পূরক যা এই এলাকায় সর্বাঙ্গীণ অর্থনৈতিক এবং কমিউনিটির উন্নতির একটি সম্পূর্ণ পরিকল্পনা। প্রতিভাধর শ্রমশক্তি আকর্ষণ, ব্যবসার বিকাশ এবং উদ্ভাবন জোরদার করে পরিকল্পনার ভিত্তি স্থাপন করতে 2012 সাল থেকে ইতিমধ্যে অঙ্গরাজ্য এ অঞ্চলে 6.2 বিলিয়ন মার্কিন ডলারের বেশি বিনিয়োগ করেছে। বর্তমানে, মহামন্দার পর থেকে বেকারত্বের হার কমে সর্বনিম্ন পর্যায়ে রয়েছে; ব্যক্তিগত এবং কর্পোরেট আয়কর কমেছে এবং প্রতিষ্ঠানগুলো বিকাশ ও বিনিয়োগের জন্য বিংহ্যামটন, জনসন সিটি এবং কর্নিং এর মতো জায়গা নির্বাচন করছে। বর্তমানে, এ অঞ্চল 2015 সালের ডিসেম্বরে গভর্নর কুওমো ঘোষিত উত্তরাঞ্চলের পুনরুজ্জীবিতিকরণ উদ্যোগের মাধ্যমে 500 মিলিয়ন মার্কিন ডলারের অঙ্গরাজ্যের বিনিয়োগের মাধ্যমে সাউদার্ন টিয়ারের অগ্রগতি ত্বরান্বিত করছে। অঙ্গরাজ্যের এই 500 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগ বেসরকারি খাতের ব্যবসায়ীদের 2.5 বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি বিনিয়োগ করার জন্য উদ্দীপনা দেবে - এবং অঞ্চলের দাখিলকৃত পরিকল্পনা অনুযায়ী আশা করা হচ্ছে যে 10,200 এর বেশি নতুন কর্মসংস্থান সৃষ্টি হবে। আরও তথ্য পাওয়া যাবে এখানে।

###

অতিরিক্ত তথ্য পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন